iii. হাতের কব্জিতে ব্যান্ডেজ দিয়ে ক্লোভ হিচ গিঁট দেওয়া থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৮০. স্কাউট ও গার্ল গাইডরা–** (অনুধাবন)
i. সমাজসেবামূলক যুব আন্দোলনের সদস্য
ii. নিজেদের আত্মনির্ভরশীল মানুষ হিসেবে গড়ে তোলে
iii. মানবসেবামূলক কাজে সরকারের সহায়ক হিসেবে কাজ করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮১. হাইকিংয়ে স্কাউট ও গার্ল গাইডরা–** (অনুধাবন)
i. নির্দিষ্ট গন্তব্যের উদ্দেশ্যে ভ্রমণ করে
ii. দিক নির্দেশনা পেতে কম্পাস ব্যবহার করে
iii. মালপত্র গুছিয়ে রাখতে গ্যাজেট তৈরি করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৮২. লর্ড ব্যাডেন পাওয়েল প্রচলন করে** (অনুধাবন)
i. স্কাউটিং ii. পেট্রোল সিস্টেম
iii. প্রাথমিক চিকিৎসা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮৩. রেড ক্রিসেন্ট আন্দোলন–** (অনুধাবন)
i. একটি মানবতাবাদী আন্দোলন
ii. নিরপেৰতার ভিত্তিতে বিপদগ্রস্তকে সাহায্য করে
iii. সকলের আস্থা ও বিশ্বাস অর্জনে সর্বদা নিরপেৰ থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৮৪. রামিনি একজন গার্ল গাইড সদস্য। সে প্রায়ই তার দলের সদস্যদের**

**সাথে–** (প্রয়োগ)

i. পায়ে হেঁটে উদ্দেশ্যমূলক ভ্রমণে বের হয়
ii. অন্যের প্রয়োজনে নিজ স্বার্থ ত্যাগ করে
iii. ছোট–বড় কাজ করে মানুষের সেবা করে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৮৫. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি–** (অনুধাবন)

i. একটি মানবতাবাদী আন্দোলন
ii. একটি স্বাধীন আন্দোলন
iii. একটি সার্বজনীন আন্দোলন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৮৬. প্রাথমিক চিকিৎসা দেয়ার সময়–** (অনুধাবন)

i. প্রতিবিধানকারীর হাত জীবাণুমুক্ত রাখতে হয়
ii. ৰতস্থান স্পিরিট দিয়ে পরিষকার করতে হয়
iii. ট্রায়াঙ্গুলার ব্যান্ডেজ বিশেষভাবে ব্যবহার করা হয়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  ● i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮৭ ও ১৮৮ নং প্রশ্নের উত্তর দাও :**

জিকু একটি সমাজসেবামূলক আন্দোলনের সঙ্গে জড়িত। গতকাল সে তার দলের সদস্যদের সাথে পায়ে হেঁটে মানিকগঞ্জের রাজবাড়িতে এসেছে। তাদের পূর্বনির্ধারিত কর্মসূচি পালনের জন্য এখানে তারা আরও দুই রাত থাকবে।

**১৮৭. জিকু কোন আন্দোলনের সদস্য?** (প্রয়োগ)

● স্কাউটিং  খ গার্ল গাইডিং
গ রেড ক্রস  ঘ রেড ক্রিসেন্ট

**১৮৮. সে উক্ত আন্দোলনের স্লোগান বাস্তবায়ন করে–** (উচ্চতর দৰতা)

i. নিজেকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলে
ii. শিশুকে রাস্তা পার হতে সাহায্য করে
iii. বন্যার সময় ত্রাণকাজে সহযোগিতা করে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**প্রশ্ন ॥ ১ ॥ হাইকিং পরিশ্রমের হলেও আনন্দদায়ক– ব্যাখ্যা কর।**

**উত্তর :** হাইকিং হলো যেকোনো পথ নির্দেশিকা অনুসরণ করে নির্দিষ্ট উদ্দেশ্যে স্কাউট ও গার্ল গাইডদের পায়ে হেঁটে ভ্রমণ এবং ভ্রমণকালে পথিমধ্যে আশপাশের পরিবেশ ও প্রকৃতি পর্যবেৰণ করা। হাইকিংয়ে এক বা একাধিক রাত বাইরে কাটাতে হয়। হাইকের মাঝে মাঝে প্রতিবন্ধকতা বা স্টেশন করে স্কাউট ও গার্ল গাইড প্রশিৰণ অনুশীলন করতে হয়। হাইকিংয়ের নির্দিষ্ট স্থানে পৌঁছে তাঁবু খাটানো, রান্না করা, খাওয়া, সামাজিক জরিপ, তাঁবু জলসা, নিদ্রা যাওয়া এবং হাইক শেষ করে আসার সময় জমির মালিক বা প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে বিদায় নিয়ে ক্যাম্পে পৌঁছে রিপোর্ট করতে হয়। এই সব কাজ বিবেচনা করলে হাইকিং পরিশ্রমের এবং কষ্টের কাজ হলেও এটি যেমন আনন্দের তেমনি শরীরের জন্যও উপকারী। অর্থাৎ এটি একটি উদ্দীপনাপূর্ণ চিত্তবিনোদন ও শিৰামূলক কর্মসূচি।

**প্রশ্ন ॥ ২ ॥ নির্ভুল পরিকল্পনার মাধ্যমে হাইকিং আনন্দদায়ক হয়– ব্যাখ্যা কর।**

**উত্তর :** একটি নির্ভুল পরিকল্পনার মাধ্যমে হাইকিং আনন্দদায়ক হয়। কেননা হাইকিংয়ের মান সম্পূর্ণভাবে পরিকল্পনার ওপর নির্ভর করে। হাইকিংয়ের চূড়ান্ত প্রস্তুতি নেয়ার আগে কর্মসূচিকে যাচাই করে সংযোজন বা বিয়োজন করতে হয়। স্থান নির্বাচনের ৰেত্রে ইউনিট লিডারকে দূরত্ব, সুগম পথ, গোসল ও খাওয়ার পানির সুব্যবস্থা, জায়গার অবস্থা, ডাক্তারখানা, প্রাকৃতিক পরিবেশ, দুর্যোগপূর্ণ আবহাওয়ার বিকল্প আশ্রয়স্থল ইত্যাদি সতর্কতার সঙ্গে বিবেচনা করতে হয়। তাকে সিডিউল তৈরি করে প্রশিৰণের সরঞ্জাম যোগাড় করতে হয়। নির্বাচিত স্থানের মালিকের বা প্রতিষ্ঠান প্রধানের অনুমতি নিতে হয়। কখন শুরব হবে, কতদিন থাকতে হবে এবং কখন শেষ হবে তা নির্ধারণ করতে হয়। কর্মসূচি বাস্তবায়নের জন্য একটি বাজেট তৈরি করতে হয়। এই সব কাজ পরিকল্পনার মাধ্যমে করতে হয়। এই পরিকল্পনা সঠিক হলে হাইকিং কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন হয়। আর হাইকিংয়ের কর্মসূচি সফল বাস্তবায়ন হলে তা আনন্দদায়ক হয়। তাই বলা যায়, একটি নির্ভুল পরিকল্পনাই পারে হাইকিংকে আনন্দদায়ক করতে।

**প্রশ্ন ॥ ৩ ॥ স্কাউট আন্দোলনের মাধ্যমে সমাজে অবদান রাখা সম্ভব– ব্যাখ্যা কর।**

**উত্তর :** স্কাউটিং বিশ্বব্যাপী একটি অরাজনৈতিক সমাজসেবামূলক যুব সংগঠন। এই আন্দোলনের মূলমন্ত্র হচ্ছে সেবা। এই সেবার মাধ্যমে সমাজে অবদান রাখা সম্ভব। স্কাউট আন্দোলনের সেবা হতে পারে আত্মসেবা, সমাজের সেবা ও মানবসেবা। আত্মসেবার অর্থ একজন আত্মনির্ভরশীল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলা। শ্রম, বুদ্ধিমত্তা ও প্রচেষ্টায় নিজেকে সুপ্রতিষ্ঠিত ও উপযুক্ত করে গড়ে তোলাই আত্মসেবার মূল লৰ্য। অতএব নিজেকে এমনভাবে গড়ে তুলতে হবে, যাতে একজন স্কাউট সমাজের সাধারণ মানুষের বৃহত্তর কল্যাণের জন্য আত্মনিয়োগ করতে পারে। তাই আত্মসেবার মাধ্যমে প্রত্যেক স্কাউট নিজেকে অন্যের সেবা করার জন্য গড়ে তোলে। তাছাড়া প্রত্যেক স্কাউট সমাজের সদস্য হিসেবে পরিবার ও সমাজের কথা চিন্তা করে। নিজের পরিবারের মা, বাবা, ভাই, বোনের প্রতি সব সময় তার করণীয় দায়িত্ব পালনের চেষ্টা করে। অনুরূপভাবে সমাজসেবা ও মানবসেবা দ্বারা স্কাউট সমাজের বৃদ্ধ, পঙ্গু, প্রতিবন্ধী, নারী, শিশু অসুস্থ ও অসহায় মানুষের সেবায় আত্মনিয়োগ করে থাকে। সমাজে সেবাধর্মী যতগুলো প্রতিষ্ঠান আছে তার মধ্যে স্রষ্টার প্রতি আনুগত্য ও শ্রদ্ধায়, সৎ ও সত্যবাদিতায়, জীবের প্রতি দয়ায়, চিন্তা–চেতনা ও কর্তব্যপরায়ণতায় স্কাউট আদর্শ প্রতিষ্ঠান। তাই বলা যায়, স্কাউট আন্দোলনের সদস্যরা মূলত সেবার দ্বারা সুন্দর শান্তিময় আদর্শ সমাজ গঠনে তৎপর। তাই যে কারও পৰেই স্কাউট আন্দোলনে অংশগ্রহণের মাধ্যমে সমাজে অবদান রাখা সম্ভব।

**প্রশ্ন ॥ ৪ ॥ রেড ক্রিসেন্টের সদস্য হলে মানবসেবার সুযোগ পাওয়া যায়– মতামত দাও।**

**উত্তর :** রেড ক্রিসেন্টের সদস্য হলে মানবসেবার সুযোগ পাওয়া যায়– এ ব্যাপারে আমি একমত। কেননা বিশ্বের দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থার নাম রেড ক্রস। বর্তমানে এ সংস্থাটি দুটি নামে বিভক্ত। মুসলিম বিশ্বে রেড ক্রিসেন্ট এবং অন্যান্য দেশে রেড ক্রস নামে পরিচিত। মুসলিম বিশ্বে এর প্রতীক অর্ধাকৃতি চাঁদ। যুদ্ধবন্দি, যুদ্ধাহত, বাস্তুহারা, রৰগ্ন ও যেকোনো প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষকে উদ্ধার করাই এর মুখ্য উদ্দেশ্য ও লৰ্য। এ ছাড়া রয়েছে ব্লাড ব্যাংকের রৰণাবেৰণসহ পানির বিশুদ্ধতা রৰা এবং প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত প্রশিৰণ দান কর্মসূচি। তাই এর সদস্য হলে এই সব কাজ করা যায় অর্থাৎ মানবসেবার সুযোগ পাওয়া যায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ প্রাথমিক চিকিৎসা অনেক মানুষের জীবন রক্ষা করতে পারে– ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রাথমিক চিকিৎসা হচ্ছে বিজ্ঞানসম্মত সেই শিৰা, যা আয়ত্তে থাকলে আকস্মিক কোনো দুর্ঘটনায় আহত ব্যক্তিকে সাহায্য করতে পারে, যাতে তার জীবন রৰা পায়। যে কোনো সময় যে কোনো ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। সে সময়ে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া সম্ভব নাও হতে পারে। এমতাবস্থায় প্রাথমিক চিকিৎসার মাধ্যমে বিপদ অনেকাংশে দূর করা সম্ভব। যদি প্রাথমিক চিকিৎসা সম্পর্কে ধারণা না থাকে তবে আহত ব্যক্তি অতিমাত্রায় ৰতিগ্রস্ত হতে পারে। এমনকি মারাও যেতে পারে। তাই যে কোনো দুর্ঘটনা ঘটার পর আরো বড় কোনো বিপদকে প্রতিহত করতে দরকার হয় প্রাথমিক চিকিৎসার। অর্থাৎ প্রাথমিক চিকিৎসার মাধ্যমে দুর্ঘটনায় আহত রোগীকে ডাক্তার আসার পূর্ব পর্যন্ত সাহায্য করা হয় যাতে রোগীর অবস্থা খারাপের দিকে না যায় এবং জীবন রৰা পায়। তাই বলা যায়, প্রাথমিক চিকিৎসা অনেক মানুষের জীবন রৰা করতে পারে।

**প্রশ্ন ॥ ৬ ॥ হাইকিং এর কর্মসূচি প্রণয়নের ধাপগুলো বর্ণনা কর।**

**উত্তর :** হাইকিং শব্দের অর্থ উদ্দেশ্যমূলক ভ্রমণ। পথ নির্দেশিকা অনুসরণ করে স্কাউট ও গার্ল গাইডদের পায়ে হেঁটে কোনো নির্দিষ্ট স্থানের উদ্দেশ্যে ভ্রমণ করাকে হাইকিং বলে। হাইকিং এর মান সম্পূর্ণভাবে পরিকল্পনার ওপর নির্ভর করে। উপদল মিটিংয়ের সিদ্ধান্ত অনুসারে হাইকিংয়ের আগের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে হাইকিং কর্মসূচি প্রণয়ন করা উচিত। উপদল নেতা পরিষদের সিদ্ধান্ত অনুসারে গ্রপ স্কাউট/ গাইড কাউন্সিলের সুপারিশক্রমে হাইকিংয়ের কর্মসূচি প্রণয়ন করতে হয়। নিচের হাইকিং কর্মসূচি প্রণয়নের ধাপগুলো বর্ণনা করা হলো :

১. চূড়ান্ত প্রস্তুতি নেয়ার আগে কর্মসূচিকে যাচাই করে প্রয়োজনীয় সংযোজন বা বিয়োজন করা আবশ্যক।
২. স্থান নির্বাচনে দূরত্ব, সুগম পথ, গোসল ও খাওয়ার পানির ব্যবস্থা, থাকার ব্যবস্থা, ডাক্তার খানা, প্রাকৃতিক পরিবেশ, দুর্যোগপূর্ণ আবহাওয়া ইত্যাদি বিষয়গুলো সতর্কতার সাথে বিবেচনা করতে হবে।
৩. ইউনিট লিডারকে ট্রেনিং সিডিউল তৈরি করে প্রশিৰণের সরঞ্জাম যোগাড় করতে হবে।
৪. নির্বাচিত স্থানের মালিকের বা প্রতিষ্ঠান প্রধানের অনুমতি নিতে হবে।
৫. স্বাস্থ্য পরীৰা করে দুর্বলদের বাদ দিতে হবে।
৬. কখন শুরব হবে, কত দিন থাকতে হবে এবং কখন শেষ হবে তা নির্ধারণ করতে হবে।
৭. বাজেট তৈরি করতে হবে। বাজেট তৈরিতে অবশ্যই মিতব্যয়িতার নীতি অবলম্বন করতে হবে।
৮. প্রয়োজনীয় সংখ্যক প্রশিৰক, কোয়ার্টার মাস্টার, স্যানিটারি নিয়োগ করতে হবে।
৯. শুকনো জ্বালানি কাঠ ও সুষম খাদ্য বাজেট অনুপাতে কিনতে হবে।
১০. পূর্বেই স্যানিটেশনের ব্যবস্থা করে রাখা উচিত।
১১. দলের সদস্যদের পথ সংকেত, কম্পাস রিডিং, মানচিত্র অঙ্কন ও পঠন, তাঁবু খাটানোর কৌশল, রান্না করা, প্রাথমিক প্রতিবিধান, উদ্ধার কাজ ইত্যাদি সম্বন্ধে ধারণা দিতে হবে।
১২. ২০ কদম হাঁটা ও ২০ কদম দৌড়াতে হবে। প্রতি দুই মাইলে ৫ মিনিট করে বিশ্রাম নিতে হবে।

উলিরখিত ধাপসমূহ যথাযথভাবে সম্পাদন করে হাইকিং কর্মসূচির সফল বাস্তবায়ন করা সম্ভব।

**প্রশ্ন ॥ ৭ ॥ আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট আন্দোলনের মূলনীতি ব্যাখ্যা কর।**

**উত্তর :** বিশ্বের দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থার নাম রেড ক্রস। বর্তমানে এ সংস্থাটি দুইটি নামে বিভক্ত। মুসলিম বিশ্বে রেড ক্রিসেন্ট এবং অন্যান্য দেশে রেড ক্রস নামে পরিচিত। যুদ্ধবন্দি, যুদ্ধাহত, বাস্তুহারা, রবগ্ণ ও যেকোনো প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষকে উদ্ধার করাই এর মুখ্য উদ্দেশ্য ও লৰ্য। এ লৰ্য অর্জনের জন্য ১৯৬৫ সালে ভিয়েনায় অনুষ্ঠিত রেড ক্রস ও রেড ক্রিসেন্টের ২০তম আন্তর্জাতিক সম্মেলনে সাতটি মৌলিক নীতি গৃহীত হয়। নিচে নীতিগুলো ব্যাখ্যা করা হলো :

১. **মানবতা :** কোনো প্রকার ভেদাভেদ ছাড়া যুদ্ধক্ষেত্রে আহতদের সাহায্য করা।
২. **পক্ষপাতহীনতা :** এই আন্দোলন, জাতি, গোত্র, ধর্মীয় বিশ্বাস, শ্রেণি বা নিরপেক্ষতার ভিত্তিতে বিপদাপন্ন ব্যক্তিকে সাহায্য করে।
৩. **নিরপেক্ষতা :** সকলের আস্থা ও বিশ্বাস অর্জনের উদ্দেশ্যে এই অন্দোলন সংঘর্ষকালে কোনো পক্ষ অবলম্বন করে না।
৪. **স্বাধীনতা :** এই আন্দোলন স্বাধীন। মানবসেবামূলক কাজে নিজ নিজ দেশের আইনের অধীনে সরকারের সহায়ক হিসেবে কাজ করে।
৫. **স্বেচ্ছামূলক সেবা :** একটি স্বেচ্ছাসেবামূলক ত্রাণ সংগঠন হিসেবে এই আন্দোলন কোনো প্রকার স্বার্থ বা লাভ অর্জনের উদ্দেশ্যে কাজ করে না।
৬. **একতা :** কোনো দেশে কেবল একটি মাত্র রেড ক্রস বা রেড ক্রিসেন্ট সোসাইটি থাকবে। দেশের সর্বত্র এর মানবসেবামূলক কর্মকান্ড বিস্তৃত থাকবে।
৭. **সার্বজনীনতা :** সমমর্যাদাসম্পন্ন এবং পরস্পরকে সাহায্যের জন্য সমান দায়িত্ব ও কর্তব্যের অধিকারী জাতীয় সোসাইটিসমূহকে নিয়ে গঠিত আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট বিশ্বব্যাপী একটি সার্বজনীন আন্দোলন।

**প্রশ্ন ॥ ৮ ॥ নেতৃত্বদান ও মানবসেবায় স্কাউটিং ও গার্ল গাইড–এর ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** স্কাউটিং ও গার্ল গাইড একটি অরাজনৈতিক সমাজসেবামূলক সংগঠন। পৃথিবীর সব দেশেই স্কাউটিং ও গার্ল গাইডের কার্যক্রম রয়েছে। বালকদের স্কাউট এবং বালিকাদের গাইড বলা হয়। সুস্বাস্থ্য অর্জন, চরিত্র গঠন ও মানসিক গুণাবলির বিকাশ সাধনের মাধ্যমে বালক–বালিকাদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য এই সংগঠন সৃষ্টি করা হয়েছে। এই সংগঠনের মূলমন্ত্র হচ্ছে ‘সেবা’। এই সেবায় আত্মসেবা, সমাজসেবা ও মানবসেবা অন্তর্ভুক্ত। আত্মসেবার অর্থ একজন আত্মনির্ভরশীল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলা। নিজে আত্মনির্ভরশীল না হতে পারলে অপরের সেবা বা কোনো বৃহৎ কাজ করা সম্ভব নয়। তাই প্রত্যেক স্কাউট ও গার্ল গাইড শ্রম, বুদ্ধিমত্তা ও চেষ্টায় নিজেকে এমনভাবে সুপ্রতিষ্ঠিত ও উপযুক্ত করে গড়ে তোলে যাতে সে সাধারণ মানুষের বৃহত্তর কল্যাণের জন্য আত্মনিয়োগ করতে পারে। তারা নিজ পরিবারে মা, বাবা, ভাইবোনের প্রতি দায়িত্ব পালন করার সাথে সাথে সমাজের বৃদ্ধ, পঙ্গু, প্রতিবন্ধী, নারী–শিশু, অসুস্থ ও অসহায় মানুষের সেবায় আত্মনিয়োগ করে থাকে। সমাজে সেবাধর্মী যতগুলো প্রতিষ্ঠান আছে, তার মধ্যে স্রষ্টার প্রতি আনুগত্য ও শ্রদ্ধায়, সৎ ও সত্যবাদিতায়, জীবের প্রতি দয়ায়, চিন্তা–চেতনা ও কর্তব্যপরায়ণতায় স্কাউট ও গার্ল গাইড আদর্শ প্রতিষ্ঠান। স্কাউট ও গার্ল গাইডের মূলনীতি হচ্ছে ‘সদা প্রস্তুত’। তাই প্রত্যেক স্কাউট ও গার্ল গাইড অপরের সেবার জন্য বা যে কোনো ভালো কাজ করার জন্য সব সময় প্রস্তুত থাকে। স্কাউট ও গার্ল গাইডদের স্লোগান হচ্ছে ‘প্রতিদিন কারো না কারো উপকার করা’। তাই প্রত্যেক স্কাউট ও গার্ল গাইড প্রতিদিন নানাভাবে

ভালো কাজে অংশগ্রহণ করে এই স্লোগান বাস্তবায়নের চেষ্টা করে।

**প্রশ্ন ॥ ৯ ॥ প্রাথমিক প্রতিবিধান বলতে কী বুঝ? ড্রেসিং করার পদ্ধতিগুলো উল্লেখ কর।**

**উত্তর : প্রাথমিক প্রতিবিধান :** কোনো আহত ব্যক্তিকে সর্বপ্রথম যে সাহায্য করা হয় তাই প্রাথমিক প্রতিবিধান। এটি বিজ্ঞানসম্মত এমন একটি শিৰা যা আয়ত্তে থাকলে আকস্মিক কোনো দুর্ঘটনায় আহত ব্যক্তিকে সাহায্য করা যায়, যাতে তার প্রাণ রৰা পায়। এ ধরনের চিকিৎসায় সাধারণত ডাক্তার আসার আগে কিংবা রোগীকে হাসপাতালে পাঠানোর আগে তার অবস্থার অবনতি ঠেকানোর ব্যবস্থা করা হয়।

**ড্রেসিং করার পদ্ধতি :** ৰতস্থানকে জীবাণুমুক্ত রাখার জন্য ব্যান্ডেজ, গজ, তুলা, জীবাণুনাশক ইত্যাদি ব্যবহার করে যে ব্যবস্থা নেওয়া হয় তাকে ড্রেসিং বলে। ৰতস্থান জীবাণুনাশক ওষুধের সাহায্যে পরিষ্কার করে গজ, ব্যান্ডেজ, তুলা ব্যবহার করে ঢেকে রাখা হয়। এতে ৰতস্থান জীবাণুমুক্ত থাকে এবং দ্রবত সেরে ওঠে। নিচে ড্রেসিং করার পদ্ধতিগুলো উলেৱখ করা হলো :

১. রোগীকে শুইয়ে ৰতস্থান সামনে তুলে ধরতে হবে।
২. আহত স্থানের নিচে পরিষ্কার কাপড় পেতে দিতে হবে।
৩. সেবাদানকারীকে তার নিজের হাত দুটি পরিষ্কার করে নিতে হবে।
৪. জীবাণুমুক্ত তুলা দিয়ে ৰতস্থান পরিষ্কার করে নিতে হবে।
৫. ৰতের চারপাশ স্পিরিট বা ডেটল দিয়ে পরিষ্কার করতে হবে।
৬. ৰতস্থান পরিষ্কার করার সময় কেন্দ্রের দিক থেকে পরিষ্কার করতে হবে। যাতে কোনো ময়লা ৰতস্থানে গড়িয়ে না আসে।
৭. ৰতে কখনো হাত লাগানো যাবে না।
৮. অ্যান্টিসেপটিক পাউডার বা মলম জীবাণুমুক্ত তুলা বা গজে লাগিয়ে ৰতস্থান চাপা দিতে হবে।
৯. টিংচার আয়োডিন, স্পিরিট, পটাশ পারম্যাঙ্গানেট প্রভৃতি কোনো ৰতে ব্যবহার করা যাবে না। এতে দেহের টিস্যুগুলোর ৰতি হয়। ৰতের চারপাশ পরিষ্কার করতে এগুলো ব্যবহার করতে হবে।
১০. প্রাথমিক চিকিৎসার ব্যাগে সব সময় জীবাণুমুক্ত তুলা, গজ, ব্যান্ডেজ, কাঁচি ও কিছু ওষুধ প্রভৃতি রাখতে হবে।

**প্রশ্ন ॥ ১০ ॥ স্কাউটিং ও গার্ল গাইডিং কী? হাইকিং ও প্রজেক্ট তৈরির কর্মসূচি গুলো লেখ।**

**উত্তর : স্কাউটিং ও গার্ল গাইডিং :** স্কাউটিং ও গার্ল গাইডিং বিশ্বব্যাপী একটি অরাজনৈতিক সমাজসেবামূলক যুব আন্দোলন। পৃথিবীর প্রায় সব দেশেই স্কাউটিং ও গার্ল গাইডের কার্যক্রম প্রচলিত। ব্রিটিশ সেনাবাহিনীর তৎকালীন লেফটেন্যান্ট জেনারেল রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল ১৯০৭ সালে স্কাউটিং এবং ১৯১০ সালে গার্ল গাইড প্রবর্তন করেন। দুস্থ মানবতার সেবা, নৈতিক মূল্যবোধের উন্নয়ন, সুসমন্বিত শারীরিক ও মানসিক বিকাশ, ধর্মীয় সহনশীলতা প্রভৃতি গুণাবলি অর্জনের সহায়ক শক্তি হিসেবে স্কাউটিং ও গার্ল গাইডিং আন্দোলন বিশ্বব্যাপী প্রশংসনীয় ভূমিকা রেখে চলেছে।

**হাইকিং ও প্রজেক্ট তৈরির কর্মসূচি :** হাইকিং–এর ৰেত্রে পথ নির্দেশিকা অনুসরণ করে নির্দিষ্ট গন্তব্যের উদ্দেশ্যে স্কাউট ও গার্ল গাইড পায়ে হেঁটে ভ্রমণ এবং ভ্রমণকালে পথিমধ্যে আশপাশের পরিবেশ ও প্রকৃতি পর্যবেৰণ করবে। সাধারণত একাকী, দুইজন অথবা একটি উপদল হাইকিংয়ে অংশগ্রহণ করতে পারে। হাইকিংয়ের মাধ্যমে বিশেষ করে প্রকৃতি পর্যবেৰণ, মানচিত্র অঙ্কন, অনুসরণ চিহ্ন, কম্পাস স্থাপন, ফিল্ডবুক তৈরি, কোড এন্ড সাইবার, সামাজিক জরিপ, রান্না করা ও অন্যান্য বিষয়সমূহ শেখা সম্ভব। নির্দিষ্ট স্থানে পৌঁছে তাঁবু খাটানো, রান্নাবান্না করা, খাওয়া, সামাজিক জরিপ, তাঁবু জলসা, নিদ্রা যাওয়া এবং হাইক শেষ করে আসার সময় জমির মালিক বা প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে বিদায় নিয়ে ক্যাম্পে পৌঁছে রিপোর্ট করতে হয়। এসবের আলোকে একটি সম্পূর্ণ প্রজেক্ট তৈরি করা যায়।

**প্রশ্ন ॥ ১১ ॥ হাইকিংয়ে যাওয়ার পূর্বে কোন কোন বিষয়ে জ্ঞান অর্জন করতে হয়? বর্ণনা কর।**

**উত্তর :** হাইকিংয়ের ৰেত্রে কম্পাস ব্যবহার, মানচিত্র অনুসরণ, গ্যাজেট তৈরি ইত্যাদি অপরিহার্য অঙ্গ হিসেবে বিবেচিত হয়। তাই হাইকিংয়ে যাওয়ার পূর্বে স্কাউট ও গার্ল গাইডদের উক্ত বিষয়ে জ্ঞান অর্জন করা আবশ্যক। কেননা এসব বিষয়ে সঠিক জ্ঞান না থাকলে হাইকিংয়ে সফলতা অর্জন করা যায় না। নিচে এসব বিষয়ে জ্ঞান অর্জনের প্রয়োজনীয়তা বর্ণনা করা হলো :

**কম্পাস :** কম্পাস একটি দিক নির্ণয়কারী যন্ত্র। এর গায়ে উত্তর, দৰিণ, পূর্ব, পশ্চিম লেখা থাকে এবং একটি চুম্বক কাঁটা লাগানো থাকে। যন্ত্রটি যে দিকেই ঘুরানো হোক না কেন কাঁটার মুখ উত্তর দিকে চলে আসে। তাই হাইকিংয়ে কোনো অচেনা অজানা জায়গায় গেলে বা রাতে অন্ধকারে হারিয়ে গেলে কম্পাস ব্যবহার করে সঠিক দিক জেনে নেয়া যায়। এ কারণে হাইকিংয়ে যাওয়ার পূর্বে স্কাউট ও গার্ল গাইডদের কম্পাসের ব্যবহার শিখতে হয়।

**মানচিত্র :** হাইকিং এর নির্দিষ্ট স্থানে পৌঁছাতে রাস্তার উভয়দিকে যে সমস্ত জিনিস দেখা ও অতিক্রম করা হয় তার একটি চিত্র তুলে ধরাই হলো হাইকিং এর মানচিত্র। রাস্তায় বসে মানচিত্র আকার দরকার হয় না। সংৰেপে খুটিনাটির বিবরণ যেমন : বিদ্যালয়, মসজিদ, হাটবাজার, বনজঙ্গল, পুকুর, পাকা রাস্তা, উঁচু জায়গা ইত্যাদির সংখ্যা ও দূরত্ব স্কাউট/গাইডদের ফিল্ডবুকে লিখে রাখতে হয়। পরে ক্যাম্পে ফিরে বিস্তারিত বর্ণনা দিয়ে মানচিত্র অঙ্কন করতে হয়।

**গ্যাজেট :** হাইকিংয়ে স্কাউট ও গার্ল গাইডরা তাঁবু টানিয়ে থাকে। সেখানে তাদের মালপত্র গুছিয়ে রাখার জন্য গ্যাজেট তৈরি করার দরকার হয়। তাই হাইকিংয়ে যাওয়ার পূর্বে তাদের গ্যাজেট তৈরির কৌশল শিখতে হয়।

উপরিউক্ত বিষয় সম্পর্কে স্পষ্ট ধারণা থাকলে স্কাউট ও গার্ল গাইডরা সহজেই তাদের হাইকিংয়ে সফলতা অর্জন করতে পারে।

**প্রশ্ন ॥ ১২ ॥ কম্পাস কী? কম্পাসের সাহায্যে দিক নির্ণয়ের কৌশল চিত্রসহ বর্ণনা কর।** [রাজশাহী গভ. ল্যাবরেটরি হাইস্কুল]

**উত্তর : কম্পাস :** কম্পাস একটি দিক নির্ণয়কারী যন্ত্র। যে কোনো সময়, যে কোনো স্থানে, যে কোনো পরিস্থিতিতেই এই যন্ত্রটির দ্বারা দিক নির্ণয় করা যায়। কম্পাসের উপরিভাগ ঘড়ির ডায়ালের মতো। এর মাঝখানে একটি কাঁটা থাকে। কাঁটাটির মাথাকে 'পয়েন্ট' বলে। এটি একটি চম্বুক কাঁটা এবং এর মাথা সব সময় উত্তর দিকে থাকে।

**কম্পাসের সাহায্যে দিক নির্ণয়ের কৌশল :** কম্পাসের গায়ে উত্তর, দৰিণ, পূর্ব, পশ্চিম ইত্যাদি লেখা এবং ডিগ্রি ভাগ করা থাকে। যন্ত্রটিকে যেদিকে ঘুরানো যাক না কেন কম্পাসের কাঁটার মুখ উত্তর দিকে চলে আসবে। প্রকৃত দিক পেতে হলে ডায়ালের উত্তর ও সম্মুখভাগ একই লাইনে স্থাপন করতে হবে। কোনো অচেনা জায়গায় গেলে বা রাতের অন্ধকারে দিক হারিয়ে ফেললে কম্পাসটি সঠিক দিকের নির্দেশ দেয়।

**প্রশ্ন ॥ ১৩ ॥ পেট্রোল সিস্টেম কী? কম্পাস ও মানচিত্রের মধ্যকার পার্থক্য লেখ।**

**উত্তর : পেট্রোল সিস্টেম :** ছোট ছোট উপদলে ভাগ হয়ে কাজ করাকে পেট্রোল সিস্টেম বলে। এর প্রধান উদ্দেশ্য হচ্ছে মেয়েদের নিজ দায়িত্ব সম্বন্ধে সচেতন করে তোলা। এই পদ্ধতির মাধ্যমে প্রতিটি স্কাউট/গাইড কোম্পানি পর্যায়ে তার মতামত পৌঁছাতে পারে এবং তারা তাদের নিজ পেট্রোলের সুবিধা অনুযায়ী কোম্পানির কার্যক্রম, পরিকল্পনা ইত্যাদি বাস্তবায়িত করতে পারে।

**কম্পাস ও মানচিত্রের পার্থক্য :** স্কাউট ও গার্ল গাইডরা হাইকিংয়ে বের হলে যে সমস্ত জিনিস অবশ্যই সঙ্গে নিবে তার মধ্যে কম্পাস ও মানচিত্র অন্যতম। কম্পাস ও মানচিত্র তাদেরকে স্বল্প সময়ে এবং অল্প পরিশ্রমে নির্দিষ্ট গন্তব্যে পৌঁছতে সাহায্যে করবে। নিচে কম্পাস ও মানচিত্রের পার্থক্য তুলে ধরা হলো :

| কম্পাস | | মানচিত্র | |
|---|---|---|---|
| ১. | কম্পাস একটি দিক নির্ণয়কারী যন্ত্র। | ১. | মানচিত্র হচ্ছে বিভিন্ন ধরনের সাংকেতিক চিহ্ন সংবলিত চিত্র। |
| ২. | যে কোনো সময়, যে কোনো স্থানে, যে কোনো পরিস্থিতিতেই কম্পাস দ্বারা দিক নির্ণয় করা যায়। | ২. | মানচিত্রের সাহায্যে কোনো নির্দিষ্ট স্থানের অবস্থান, তার সীমানা, তার চারপাশের অবস্থান যোগাযোগ ব্যবস্থা ইত্যাদি সম্পর্কে ধারণা লাভ করা যায়। |
| ৩. | কম্পাসে সঠিক দিক নির্দশনের জন্য একটি চুম্বক কাঁটা থাকে যার মাথা সব সময় উত্তর দিকে থাকে। | ৩. | মানচিত্রে বিভিন্ন তথ্য প্রকাশ করার জন্য বিভিন্ন ধরনের সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়। |
| ৪. | প্রকৃত দিক পেতে কম্পাসের ডায়ালের উত্তর ও সম্মুখ ভাগ একই লাইনে স্থাপন করতে হয়। | ৪. | মানচিত্র থেকে সঠিক তথ্য বের করার জন্য মানচিত্রের উপরিভাগ উত্তরমুখী করে রাখতে হয়। |

**প্রশ্ন ॥ ১৪ ॥ রেড ক্রস ও রেড ক্রিসেন্টের জন্ম ও ইতিহাস সম্পর্কে লেখ।**

**উত্তর :** ১৮৫৯ সালের ২৪ শে জুন উত্তর ইতালির সলফেরিনো নামক স্থানে ফ্রান্স ও অস্ট্রিয়ার মধ্যে এক ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। মাত্র ১৬ ঘণ্টার এই যুদ্ধে প্রায় চলিরশ হাজার সৈন্য হাতাহত হয়। আহত সৈন্যরা বিনা চিকিৎসায় যুদ্ধৰেত্রেই উন্মুক্ত প্রান্তরে মৃত্যুযন্ত্রণায় ছটফট করছিল। সেই সময় সুইজারল্যান্ডের এক যুবক জিন হেনরি ডুনান্ট ব্যবসাসংক্রান্ত ব্যাপারে ফ্রান্সে তৃতীয় নেপোলিয়নের সাথে সাৰাৎ করতে যাচ্ছিলেন। যুদ্ধৰেত্রের এই মর্মান্তিক দৃশ্য দেখে তিনি ব্যথিত হন এবং তিনি আশপাশের গ্রামবাসীদের ডেকে এনে আহতদের তাৎৰণিক সেবা ও প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের জীবনরৰায় গুরবত্বপূর্ণ ভূমিকা রাখেন। এরাই রেড ক্রসের প্রথম স্বেচ্ছাসেবক, যাদের অধিকাংশই ছিলেন মহিলা। ডুনান্ট এই যুদ্ধের ভয়াবহ ও বিভীষিকাময় স্মৃতি ও তার প্রতিকারের জন্য ১৮৬২ সালে ‘এ মেমোরি অব সলফেরি নো’ নামে একটি বই রচনা করেন। বইটির মূল কথা ছিল ‘আমরা কি পারি না প্রতিটি দেশে এমন একটি সেবামূলক সংস্থা গঠন করতে, যারা শত্রব–মিত্র নির্বিশেষে আহতদের সেবা করবে।’ ১৮৬৩ সালে ৯ ফেব্রবয়ারি জিন হেনরি ডুনান্ট চারজন জেনেভাবাসীকে নিয়ে একটি কমিটি গঠন করেন, যা ‘কমিটি অব ফাইভ’ নামে পরিচিত। পরবর্তীতে এই কমিটির নাম পরিবর্তিত হয়ে আন্তর্জাতিক রেড ক্রস কমিটি নামে পরিচিত হয়। একই বছর এই কমিটি ১৬টি দেশের প্রতিনিধিদের নিয়ে জেনেভায় আন্তর্জাতিক সম্মেলন আহ্বান করে। সম্মেলনে ডুনান্টের মহতি প্রস্তাবগুলো গৃহীত হয় এবং তারই পরিপ্রেৰিতে রেড ক্রস জন্ম লাভ করে। জিন হেনরি ডুনান্ট ১৮২৮ সালের ৮ মে সুইজারল্যান্ডের জেনেভা শহরে জন্মগ্রহণ এবং ১৯১০ সালের ৩০ অক্টোবর ৮২ বছর বয়সে মৃত্যুবরণ করেন। ডুনান্টের প্রতি সম্মান প্রদর্শনের জন্য ৮ মে তার জন্মদিবসকে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস হিসেবে পালিত হয়।

**প্রশ্ন ॥ ১৫ ॥ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির বর্ণনা দাও।**

[জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট; ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল]

**উত্তর :** বিশ্বের দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থার নাম রেড ক্রস। বর্তমানে এ সংস্থাটি দুটি নামে বিভক্ত। মুসলিম বিশ্বে রেড ক্রিসেন্ট এবং অন্যান্য দেশে রেড ক্রস নামে পরিচিত। মুসলিম বিশ্বে এর প্রতীক অর্ধাকৃতি চাঁদ। যুদ্ধবন্দি, যুদ্ধাহত, বাস্তুহারা, রবগ্ন ও যে কোনো প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষকে উদ্ধার করাই এর মুখ্য উদ্দেশ্য ও লৰ্য। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হবার পর সরকারের সহযোগী ত্রাণ সংস্থা হিসেবে বাংলাদেশ রেড ক্রস সোসাইট প্রতিষ্ঠিত হয়। ১৯৭৩ সালের ৩১ মার্চ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতির এক আদেশবলে ১৬ ডিসেম্বর ১৯৭১ সাল থেকে বাংলাদেশ রেড ক্রস সোসাইটিকে স্বীকৃতি প্রদান করে। ১৯৭৩ সালের ২০ সেপ্টেম্বর বাংলাদেশ রেড ক্রস সোসাইটিকে ‘আন্তর্জাতিক কমিটি অব রেড ক্রস’ স্বীকৃতি প্রদান করে। একই সময়ে সোসাইটি তৎকালীন লিগ অব রেড ক্রসের সদস্য পদ লাভ করে। পরবর্তীতে ১৯৮৮ সালে ৪ এপ্রিল রাষ্ট্রপতির আদেশের সংশোধনীবলে বাংলাদেশ রেড ক্রস সোসাইটির নাম পরিবর্তন করে ‘রেড ক্রিসেন্ট’ করা হয়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ রেড ক্রস ও রেড ক্রিসেন্ট বলতে কী বোঝ? রেড ক্রস ও রেড ক্রিসেন্ট আন্দোলনের প্রতীক সম্পর্কে লেখ।**

**উত্তর : রেড ক্রস ও রেড ক্রিসেন্ট :** বিশ্বের দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থার নাম রেড ক্রস। বর্তমানে এ সংস্থাটি দুইটি নামে বিভক্ত। মুসলিম বিশ্বে রেড ক্রিসেন্ট এবং অন্যান্য দেশে রেড ক্রস নামে পরিচিত। মুসলিম বিশ্বে এর প্রতীক অর্ধাকৃতি চাঁদ। যুদ্ধবন্দি, যুদ্ধাহত, বাস্তুহারা, রবগ্ণ ও যেকোনো প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষকে উদ্ধার করাই এর মুখ্য উদ্দেশ্য ও লৰ্য।

**রেড ক্রস ও রেড ক্রিসেন্ট আন্দোলনের প্রতীক :** সেনাবাহিনীর মেডিকেল সার্ভিসসহ যুদ্ধৰেত্রে নিয়োজিত চিকিৎসা ত্রাণকর্মী ও তাদের সরঞ্জমাদি চিহ্নিতকরণ ও নিরাপত্তা প্রদানের জন্য একটি নিরপেৰ ও পার্থক্যসূচক চিহ্ন হিসেবে রেড ক্রস প্রতীক গৃহীত হয়। রেড ক্রস ও রেড ক্রিসেন্ট আন্দোলন প্রতিষ্ঠায় ও যুদ্ধাহতদের সেবা প্রদানে অনন্য অবদানের জন্য সুইস নাগরিক হিসেবে হেনরি ডুনান্ট ও তার সহকর্মীবৃন্দ এবং সুইজারল্যান্ড রাষ্ট্রের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক সুইস পতাকার বিপরীতে সাদা জমিনের ওপর লাল ক্রস প্রতীক হিসেবে নির্বাচিত করা

হয়। বর্তমানে ফার্মেসি, অ্যাম্বুলেন্স, হাসপাতালসমূহে এবং চিকিৎসকদের জন্য উক্ত প্রতীক ব্যবহারের জন্য ব্যাপক গণসংযোগ পরিচালিত হচ্ছে।

**প্রশ্ন ॥ ১৭॥ রেড ক্রিসেন্ট পতাকার মাপ পোস্টারসহ বর্ণনা কর।**

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

**সমাধান :** বিশ্বের দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থার নাম রেড ক্রিসেন্ট। ১৯৬৩ সালের হেনরি ডুনান্ট এ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। রেড ক্রিসেন্টের একটি প্রতীকবাহী পতাকার রয়েছে। নিচে এর পতাকার মাপ পোস্টারসহ ব্যাখ্যা করা হলো :

চিত্র : রেড ক্রিসেন্ট পতাকা

সাদা জমিনের মধ্যবর্তী স্থানে ইংরেজি 'C' অৰর আকৃতির একটি লাল রঙের আধা চাঁদ খচিত ক্রিসেন্ট পতাকার মাপ নিম্নরূ প :

১. সাদা জমিনের দৈর্ঘ্য ১০ একক এবং প্রস্থ ৬ একক অর্থাৎ দৈর্ঘ্য প্রস্থের অনুপাত ১০ : ৬। (জাতীয় পতাকার অনুরূ প)
২. রেড ক্রিসেন্ট প্রতীকটি ১ একক = সাদা জমিনের প্রস্থের ২৪ ভাগের ১ অংশ হিসেবে অঙ্কন করতে হবে।
৩. রেড ক্রিসেন্ট প্রতীকটি সাদা জমিনের ঠিক মধ্যবর্তী স্থানে স্থাপিত হবে।
৪. লাল আধা চাঁদ (রেড ক্রিসেন্ট) খোলা মুখ ফ্ল্যাগ পোলের বিপরীত দিকে থাকবে।

**প্রশ্ন ॥ ১৮ ॥ জিন হেনরি ডুনান্ট কেন 'এ মেমোরি অব সলফেরিনো' নামক বইটি রচনা করেন? ৮ মে রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালন করার কারণ ব্যাখ্যা কর।**

**উত্তর : 'এ মেমোরি অব সলফেরিনো' নামক বইটি লেখার কারণ :** ১৮৫৯ সালের ২৪ জুন উত্তর ইতালির সলফেরিনো নামক স্থানে ফ্রান্স ও অস্ট্রিয়ার মধ্যে এক ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। মাত্র ১৬ ঘণ্টার এই যুদ্ধে প্রায় চলিরশ হাজার সৈন্য হতাহত হয়। আহত সৈন্যরা বিনা চিকিৎসায় যুদ্ধ ৰেত্রেই উন্মুক্ত প্রান্তরে মৃত্যুযন্ত্রণায় ছটফট করছিল। জিন হেনরি ডুনান্ট ব্যবসাসংক্রান্ত ব্যাপারে ফ্রান্সের তৃতীয় নেপোলিয়নের সাথে সাৰাৎ করতে যাওয়ার সময় এই দৃশ্য দেখে ব্যথিত হন এবং তিনি আশপাশের গ্রামবাসীকে ডেকে আহতদের তাৎৰণিক সেবা ও প্রাথমিক চিকিৎসা দেন। ডুনান্ট এই যুদ্ধের ভয়াবহ ও বিভীষিকাময় স্মৃতি ও তার প্রতিকারের জন্য ১৮৬২ সালে 'এ মেমোরি অব সলফেরিনো' নামক বইটি রচনা করেন।

**৮ মে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালন করার কারণ :** ১৯৬৩ সালের ৯ ফেব্রুয়ারি জিন হেনরি ডুনান্ট চারজন জেনেভাবাসীকে নিয়ে 'কমিটি অব ফাইভ' গঠন করেন, যা পরবর্তীতে আন্তর্জাতিক রেড ক্রস কমিটি নামে পরিচিত হয়। ওই বছরই এই কমিটি ১৬টি দেশের প্রতিনিধিদের নিয়ে জেনেভায় আন্তর্জাতিক সম্মেলন আহ্বান করেন। সম্মেলনে ডুনান্টের মহতি প্রস্তাবগুলো গৃহীত হয় এবং তারই পরিপ্রেৰিতে রেড ক্রস জন্মলাভ করে। তাই রেড ক্রসের জনক হিসেবে ডুনান্টের প্রতি সম্মান প্রদর্শনের জন্য ৮ মে তার জন্মদিবসকে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস হিসেবে পালিত হয়।

**প্রশ্ন ॥ ১৯ ॥ প্রাথমিক প্রতিবিধান বলতে কী বোঝায়? প্রাথমিক প্রতিবিধানকারীর প্রধান কাজগুলো লেখ।**

**উত্তর : প্রাথমিক প্রতিবিধান :** কোনো আহত ব্যক্তিকে সর্বপ্রথম যে সাহায্য করা হয় তাই প্রাথমিক প্রতিবিধান। এটি বিজ্ঞানসম্মত এমন একটি শিৰা যা আয়ত্তে থাকলে আকস্মিক কোনো দুর্ঘটনায় আহত ব্যক্তিকে সাহায্য করা যায়, যাতে তার প্রাণ রৰা পায়। এ ধরনের চিকিৎসায় সাধারণত ডাক্তার আসার আগে কিংবা রোগীকে হাসপাতালে পাঠানোর আগে তার অবস্থার অবনতি ঠেকানোর ব্যবস্থা করা হয়।

**প্রাথমিক প্রতিবিধানকারীর প্রধান কাজসমূহ :** প্রাথমিক প্রতিবিধানকারী কোনো চিকিৎসক নয়। তাই রোগীকে পুরো চিকিৎসা দেওয়া তার কাজ নয়। তিনি শুধু ডাক্তার আসার আগ পর্যন্ত রোগীর অবস্থার যাতে অবনতি না ঘটে তার ব্যবস্থা করেন। এৰেত্রে তার প্রধান কাজসমূহ নিচে বর্ণনা করা হলো :

১. **রোগ নির্ণয় :** কী কারণে অসুস্থতার সৃষ্টি হয়েছে তা খুঁজে বের করেন।
২. **প্রতিবিধান :** ডাক্তার আসার আগে রোগীর অবস্থার অবনতি যাতে না ঘটে সে ব্যবস্থা করেন।
৩. **স্থানান্তর :** রোগীকে নিরাপদ জায়গায় বা ডাক্তারের নিকট বা হাসপাতালে যত তাড়াতাড়ি সম্ভব স্থানান্তরের ব্যবস্থা করেন।

**প্রশ্ন ॥ ২০ ॥ ক্ষতস্থানের যত্ন কীভাবে নিতে হয়?**

**উত্তর :** ছুরি, কাঁচি, বেৱড, দা, বটি প্রভৃতিতে কেটে গিয়ে রক্তপাত হলে তাকে ৰত বলা হয়। হাতুড়ি, ইট, পাথরে থেঁতলে গিয়ে রক্তপাত হলে তাকেও ৰত বলা হয়। আবার জীবজন্তু কামড়ে রক্তপাত হয়েও অনেক সময় ৰতের সৃষ্টি হয়। ৰত যেভাবেই সৃষ্টি হোক না কেন তা দ্রবত সারিয়ে তোলার জন্য ৰতস্থানের যত্ন নেওয়া প্রয়োজন। অন্যথায় যত্নের অভাবে সামান্য ৰত জীবাণু দ্বারা সংক্রমিত হয়ে বৃহৎ ৰতে পরিণত হতে পারে এবং জটিল রোগ সৃষ্টি করতে পারে। তাই ৰত যেমনই হোক তাকে অবহেলা না করে যত্ন নিয়ে দ্রবত সারিয়ে তুলতে হবে। ৰত দ্রবত সারিয়ে তোলার জন্য নিম্নোক্তভাবে ৰতস্থানের যত্ন নিতে হয়–

১. প্রথমেই জীবাণুনাশক ওষুধের সাহায্যে নিজের হাত জীবাণুমুক্ত করতে হয়।
২. ক্ষত স্থানে বরফ দিয়ে অথবা অন্য কোনো উপায়ে রক্ত বন্ধ করার চেষ্টা করতে হয়।
৩. রোগীকে নিশ্চলভাবে শুইয়ে রাখতে হবে। এতে রক্তপাত কম হয়।
৪. ক্ষতস্থানে কিছু থাকলে তা বের করতে হয়।
৫. বড় কিছু ঢুকে গেলে যত তাড়াতাড়ি সম্ভব ডাক্তারের কাছে নিয়ে যেতে হয়।
৬. ক্ষতস্থানে জীবাণুনাশক ওষুধের সাহায্যে পরিষ্কার করে ড্রেসিং করতে হয়।

**প্রশ্ন ॥ ২১ ॥ ক্ষত কাকে বলে? ব্যান্ডেজ করার সময় কোন কোন বিষয় মনে রাখতে হয়?**

**উত্তর : ক্ষত :** ছুরি, কাঁচি, বেৱড, দা প্রভৃতিতে কেটে গিয়ে রক্তপাত হলে তাকে ৰত বলা হয়। হাতুড়ি, ইট, পাথরে থেঁতলে গিয়ে রক্তপাত হলে তাকেও ৰত বলা হয়। জীবজন্তুর কামড়ে রক্তপাত হলেও ৰতের সৃষ্টি হয়।

**ব্যান্ডেজ করার সময় মনে রাখার বিষয় :** ড্রেসিংকে ঠিকমতো ধরে রাখার জন্য ৰতস্থানে ব্যান্ডেজ করা হয়। ব্যান্ডেজ করার সময় সব সময় মনে রাখতে হবে–

১. ব্যান্ডেজ যেন পুরো ড্রেসিংটাকে ধরে রাখতে পারে।
২. ব্যান্ডেজ যেন আলগা না হয় বা বেশি জোরে বাঁধা না হয়।

৩. আহত অঙ্গের তুলনায় ব্যান্ডেজের মাপ যেন বেশি চওড়া বা বেশি সরব না হয়। ব্যান্ডেজ বিভিন্ন মাপের হয়। আহত অঙ্গ অনুযায়ী নির্দিষ্ট মাপের ব্যান্ডেজের ব্যবস্থা করতে হবে।
৪. ব্যান্ডেজের কাপড় যেন সাধারণ ৰেত্রে বেশি ইলাস্টিক না হয়। শক্ত কাপড়ের ব্যান্ডেজই ভালো।
৫. বিশেষ বিশেষ ৰেত্রে ইলাস্টিক ক্রেপ ব্যান্ডেজ ব্যবহার করা হয়।
৬. ব্যান্ডেজ একটি বিশেষ আর্ট এবং নানা ৰেত্রে নানাভাবে করতে হয়। এটা ধীরে ধীরে অভ্যাস করে আয়ত্ত করতে হয়।

**প্রশ্ন ॥ ২২ ॥ ব্যান্ডেজ কাকে বলে? ব্যান্ডেজ কত প্রকার ও কী কী?**
[মোহাম্মদপুর মডের স্কুল এন্ড কলেজ; জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

**উত্তর : ব্যান্ডেজ :** ৰতস্থানকে ঢেকে রাখার জন্য যে গজ, তুলা ব্যবহার করা হয় তাকে ড্রেসিং বলে। আর ড্রেসিংকে ৰতস্থানে বেঁধে রাখার জন্য যে সাদা কাপড়টি ব্যবহার করা হয় তাকে ব্যান্ডেজ বলে।

**ব্যান্ডেজের প্রকারভেদ :** ব্যান্ডেজ তিন প্রকার। যথা :
১. ট্রায়াঙ্গুলার বা ত্রিকোণাকৃতির ব্যান্ডেজ
২. রোলার ব্যান্ডেজ
৩. বিশেষ ব্যান্ডেজ যেমন মাল্টি টেইল ব্যান্ডেজ।

**ট্রায়াঙ্গুলার ব্যান্ডেজ :** প্রাথমিক চিকিৎসার ৰেত্রে এটি বিশেষভাবে ব্যবহার করা হয়। একটি চারকোণা কাপড়কে মাঝখান দিয়ে কোণাকুণিভাবে কেটে নিয়ে ত্রিভুজ ব্যান্ডেজ তৈরি করা হয়। সাধারণত ৪২″ মাপের ট্রায়াঙ্গুলার ব্যান্ডেজ ব্যবহার করা হয়। এ ধরনের ব্যান্ডেজ তৈরি করতে ১ মিটার মাপের কাপড় প্রয়োজন হয়।

**রোলার ব্যান্ডেজ :** সাধারণত অভিজ্ঞ প্রাথমিক চিকিৎসকরা বা হাসপাতালে রোলার ব্যান্ডেজ ব্যবহার করা হয়। রোলার ব্যান্ডেজ বিভিন্ন আকৃতির হয়। এটি এক ইঞ্চি থেকে ছয় ইঞ্চি পর্যন্ত চওড়া হয়। খেলোয়াড়দের দেহে আঘাত লাগলে ক্রেপ রোলার ব্যান্ডেজ ব্যবহার করা হয়।

**মাল্টি টেইল ব্যান্ডেজ :** অনেক লেজবিশিষ্ট ব্যান্ডেজকে মাল্টি টেইল ব্যান্ডেজ বলে। এ ধরনের ব্যান্ডেজ দেখতে 'T' আকৃতির হয়। এ ধরনের ব্যান্ডেজকে বহু প্রান্তিক ব্যান্ডেজও বলা হয়।

**প্রশ্ন ॥ ২৩ ॥ হাতের ব্যান্ডেজ, মাথার ব্যান্ডেজ ও চোয়ালের ব্যান্ডেজ বাঁধার নিয়ম লেখ।**

**উত্তর : হাতের ব্যান্ডেজ :** ঘুরিয়ে ঘুরিয়ে ড্রেসিংয়ের উপর হাতে রোলার ব্যান্ডেজ বাঁধতে হয়। পেঁচানো শেষ হলে বা ড্রেসিং ঢেকে গেলে ব্যান্ডেজ শেষ হবে এবং তখন সেপটিপিন দিয়ে এঁটে দিতে হয়।

**মাথার ব্যান্ডেজ :** মাথার খুলিতে আঘাত লেগে থাকলে ৰতস্থানে রিং প্যাড দিয়ে ঢেকে একটা ত্রিকোণ ব্যান্ডেজ নিয়ে মাথার চারদিক ঘুরিয়ে কপালের উপর বাঁধতে হয়। ব্যান্ডেজ বাঁধার নিয়ম নিচে দেয়া হলো :
১. মাথার চওড়া ব্যান্ডেজ ব্যবহার করতে হয়।
২. কপালের ৰতস্থান থেকে ব্যান্ডেজ শুরব করতে হয়।
৩. ধীরে ধীরে ব্যান্ডেজ পেঁচিয়ে ড্রেসিং ঢেকে দিতে হবে।
৪. পাশাপাশি কপালের ব্যান্ডেজের ভিতর দিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে ব্যান্ডেজ বাঁধতে হবে।

**চোয়ালের ব্যান্ডেজ :** বিশেষ ব্যান্ডেজ বা 'T' ব্যান্ডেজ, যাতে দুটি প্রান্তর বদলে তিনটি প্রান্ত থাকে। বিশেষ করে চোয়ালে এ ব্যান্ডেজ ব্যবহৃত হয়। চোয়ালে আঘাত লেগে ৰত সৃষ্টি হলে ৰতস্থান ড্রেসিং দিয়ে ঢেকে রাখার জন্য চোয়ালের ব্যান্ডেজ ব্যবহার করা হয়। এই ব্যান্ডেজ বাঁধার নিয়ম নিচে দেয়া হলো :
১. চোয়ালের চওড়া ব্যান্ডেজ ব্যবহার করতে হয়।
২. প্রথমে চোয়ালে ব্যান্ডেজ করে শুরব করতে হয়।
৩. ধীরে ধীরে চোয়ালের চারপাশ ব্যান্ডেজ পেঁচিয়ে ৰতস্থানের ড্রেসিং ঢেকে দিতে হয়।
৪. ব্যান্ডেজের তৃতীয় প্রান্তটি দিয়ে কপালের চারপাশ পেঁচিয়ে চোয়ালের ব্যান্ডেজের ভিতর দিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে ব্যান্ডেজ বাঁধতে হয়।

**প্রশ্ন ॥ ২৪ ॥ আর্ম স্লিং এবং কলার এন্ড কাফ স্লিং কীভাবে বাঁধতে হয়?**

**উত্তর :** হাতের কোনো হাড় ভেঙে গেলে বা হাতে জোরে আঘাত লাগলে তাকে অনড় করে ঝুলিয়ে রাখা হয়। এই ঝুলিয়ে রাখার জন্য ব্যান্ডেজ দিয়ে যে বাঁধান দেয়া হয় তাকে স্লিং বলে। নিচে আর্ম স্লিং এবং কলার এন্ড কাফ স্লিং বাঁধার নিয়ম বর্ণনা করা হলো :

**আর্ম স্লিং বাঁধার নিয়ম :** সম্পূর্ণ বাহু বেঁধে ঝুলিয়ে রাখাকে স্বল আর্ম স্লিং বলে। বাহুর অগ্রভাগ আরামে ঝুলিয়ে রাখার জন্য আর্ম স্লিংয়ের প্রয়োজন। একটি নির্ভাজ ত্রিকোণ ব্যান্ডেজ নিয়ে চওড়া অংশ কাঁধের উপর স্থাপন করতে হবে। গলার পিছন দিক দিয়ে ঘুরিয়ে আহত দিকের কাঁধের দিকে আনতে হবে এবং বুকের সম্মুখভাগে অন্য প্রান্তটি ঝুলিয়ে দিতে হবে। অতঃপর ব্যান্ডেজের মধ্যস্থলে আহত বাহু খানি রেখে শীর্ষদিক কনুইয়ের পিছন দিকে নিয়ে যেতে হবে। এবার দ্বিতীয় প্রান্তটিকে প্রথমটির সাথে বেঁধে দিতে হবে। শীর্ষদিক কনুই পর্যন্ত ভাঁজ করে এনে দুটি সেফটিপিনের সাহায্যে ব্যান্ডেজের সম্মুখভাগ সংযুক্ত করে দিতে হবে।

**কলার এন্ড কাফ স্লিং বাঁধার নিয়ম :** হাতের কব্জি ঝুলিয়ে রাখার জন্য কলার এন্ড কাফ স্লিং ব্যবহার করা হয়। এই স্লিং ব্যবহার করতে হলে আঙুলগুলো অপর কাঁধ স্পর্শ করতে পারে এমনভাবে কনুই বেঁধে হাতটি বুকের উপর রাখতে হবে। অতঃপর হাতের কব্জিতে ব্যান্ডেজ দিয়ে ক্লোভ হিচ গিট দিতে হবে। ব্যান্ডেজের শেষপ্রান্ত এর সাথে বেঁধে গলায় ঝুলিয়ে দিতে হবে। একটি সরব ব্যান্ডেজ দিয়ে ক্লোভ হিচ প্রস্তুত করতে হবে। দুটি লুপ তৈরি করে দ্বিতীয়টি প্রথমটির উপর রাখতে হবে। অতঃপর উপরের লুপটি প্রথমটির পিছন দিয়ে ক্লোভ হিচ প্রস্তুত করতে হবে। তারপর হাতের কব্জির ভিতর দিয়ে শক্ত করে গলার সাথে বেঁধে দিতে হবে।

**প্রশ্ন ॥ ২৫ ॥ স্কাউট ও গার্ল গাইডদের স্লোগানকে বাস্তবায়িত করার উপায়সমূহ লেখ।**

**উত্তর :** 'Do a good turn daily'. অর্থাৎ প্রতিদিন কারো না কারো উপকার করা'– এটাই হচ্ছে স্কাউট ও গার্ল গাইডের স্লোগান। এ স্লোগান স্কাউট ও গার্ল গাইডের প্রতিজ্ঞার একটি অংশ হওয়ায় এর গুরবত্বও অনেক। প্রতিদিন বিভিন্নভাবে এ স্লোগানকে বাস্তবায়িত করা যায়। যেমন–
১. কারো চিঠি লিখে দেওয়া ও পোস্ট করে দেওয়া।
২. কারো কিছু হারিয়ে গেলে খোঁজ করে দেওয়া।
৩. অন্ধকে রাস্তা পার হতে সাহায্য করা।
৪. পথ থেকে ইট, পাথর, কাঁটা, কয়লার খোসা তুলে ফেলা।
৫. শিশুকে রাস্তা পার হতে সাহায্য করা।
৬. পথে পাওয়া ছেলেকে বাড়ি পৌঁছে দেওয়া।
৭. মসজিদ ধুয়ে দেওয়া ও মুসলিৱদের ওযুর পানি এনে দেওয়া।
৮. কেউ আহত হলে হাসপাতালে নেওয়া।
৯. বন্যার সময় ত্রাণকাজে যোগদান করা।
১০. ঝড়–বিধ্বস্ত বা আগুন লাগা এলাকার ত্রাণ কার্যে অংশগ্রহণ করা ইত্যাদি।

এভাবে ছোট থেকে, বড় হোক যেকোনো কাজ করে মানুষের সেবা করার মাধ্যমে স্কাউট ও গার্ল গাইডের স্লোগানকে বাস্তবায়িত করা যায়।